



স্মারক নং ইআবি/একা-৫/ফা.ভর্তি/২০১৫/ ৫৩৭০

তারিখ: ২৩/০৪/২০১৫

**ফাজিল (পাস) ২য়/৩য় বর্ষে সেশন ফি'সহ অন্যান্য ফি' জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ফাজিল (পাস) ২য় বর্ষ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ফাজিল (পাস) ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ায় নিম্নবর্ণিত তফসিল অনুসারে সেশন ফি' ও অন্যান্য ফি' আদায়ের কার্যক্রম শুরু করতে হবে।

**তফসিল:**

(ক) সংশ্লিষ্ট মাদরাসাসমূহ ফলাফল প্রকাশের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যেই নিম্নবর্ণিত সেশন ফি'সহ অন্যান্য ফি' আদায় স্বাপেক্ষে ফাজিল পাস ২য়/৩য় বর্ষের সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করবে। আদায়কৃত অর্থ ব্যাংকে জমা দিয়ে ব্যাংক অনলাইন/টি.টি, রশিদ এর মূল কপি পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।


(খ) ছাত্র- ছাত্রীদের ফাজিল (পাস) ২য়/৩য় বর্ষের সেশন ফি'সহ ও অন্যান্য ফি' ছাত্র/ছাত্রী প্রতি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো। উক্ত ফি' সমূহের মধ্যে সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থ মাদরাসা পাবে এবং অবশিষ্ট ৫০% অর্থসহ অন্যান্য ফি' বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণী	সেশন ফি'	ক্রীড়া ফি'	রোভার স্কাউটস /বি.এন.সি.সি ফি'
ফাজিল (পাস) ২য়/৩য় বর্ষ	২৫০/-	৫০/-	২৫/-

(গ) স্ব স্ব মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ফি' সমূহ আদায়ের ঠিক পরের দিনই উক্ত ফি' {সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর হিসাব নম্বর : (STD) 0200004383365 অগ্রণী ব্যাংক, সাত মসজিদ রোড শাখা-এর অনুকূলে {অগ্রণী ব্যাংকের অনলাইন ব্যাংকিং/ টি.টি.(যেখানে অনলাইন ব্যাংকিং নেই) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না} জমা দিতে হবে। উক্ত অনলাইন ব্যাংকিং/ টি.টি. রশিদের সাথে ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকাও জমা দিতে হবে।

(ঘ) ফাজিল (পাস) শ্রেণীতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাজিল পাস ১ম/২য় বর্ষ পরীক্ষা-২০১৭ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছে সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} স্বাপেক্ষে ফাজিল (পাস) পরীক্ষার ফলাফল প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে সেশন ফি' ও অন্যান্য ফি' জমা দিতে হবে। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের তালিকাসহ আদায়কৃত অর্থের অনলাইন ব্যাংকিং এর জমা দানের রশিদ ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের বহিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি' সমূহ একটি ব্যাংক স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের তালিকা আলাদা আলাদা করে জমা দিতে হবে।

  
২৬/৪/২০১৫

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়